দৈনিক ইত্তেফাক

96

তারিখ ..27. JAN..1996 .....
পৃষ্ঠা ৭২ কলাম ৭ ...

# বিএম কলেজে অত্যধিক হারে পরীক্ষার ফি আদায়ের অভিযোগ

বরিশাল অফিস ।। বি, এম কলেজ কর্তৃপক্ষ শেষপর্ব মাষ্টার্স ডিগ্রী পরীক্ষার পরীক্ষার্থীদের নিকট হইতে অত্যধিক হারে ফি আদায় করিয়াছে বলিয়া অভিযোগ পাওয়া গিয়াছে। আগামী এপ্রিলে এই পরীক্ষা অনুষ্ঠিত হইবে। কেন্দ্র ফি আদায় হইয়াছে দুইশত টাকা অথচ পরীক্ষার ফি ছিল ৫০০-৬০০ টাকা (বিভাগভেদে)। মৌখিক

(১১শ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## বিএম কলেজে

(শেষ পৃঃ পর)

পরীক্ষার ফি ২০ টাকা, এফিলেশন ফি ২৫ টাকা, ব্যবস্থাপনা ফি ৫০ টাকা, বিশ্ববিদ্যালয়ের ট্রানজিট ও এম ও কমিশন ফি ৩৫ টাকা, প্রশংসাপত্র ফি ২০ টাকা, নম্বরফর্দ ফি ১৫ টাকা, কর্মচারী সমিতির চাঁদা ৫ টাকা আদায় হইয়াছে। পরীক্ষার্থীরা ফি'র চাপে অস্থির। তাহারা প্রতিবাদ করিতে পারিতেছে না। কারণ শিক্ষকদের হাতে মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ফল নির্ভর করে।